গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.১০০.০৬.০১৩.১৬- তারিখঃ /১১/২০১৬খ্রিঃ

বিষয়: ৩০/১০/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্য বিবরণী।

সভাপতি : জনাব চিত্ত রঞ্জন বেপারী, পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ ও ইনোভেশন অফিসার, খাদ্য অধিদপ্তর, ঢাকা
তারিখ : ৩০ অক্টোবর, ২০১৬ খ্রিষ্টাব্দ
রোজ : রবিবার
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান : কক্ষ নং- ৩০১, খাদ্য অধিদপ্তর, ঢাকা

২। সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণীর উপর আলোচনার পর সভাপতি আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম তুলে ধরার জন্য সিস্টেম এনালিস্টকে আহবান জানান। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিষ্ট সভাকে জানান যে, গত ২৬/১০/২০১৬ তারিখে এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) এর সভাপতিত্বে ইনোভেশন কার্যক্রম সম্পর্কিত একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় খাদ্য অধিদপ্তরের পরিচালক (চসসা বিভাগ) ও ইনোভেশন অফিসার জনাব চিত্ত রঞ্জন বেপারী অংশগ্রহণ করেন। তিনি উক্ত সভার আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। অতঃপর সভাপতি আলোচ্য বিষয়ের উপর সকল সদস্যকে মতামত দেয়ার জন্য আহবান জানান। সভায় বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে তুলে ধরা হলোঃ-

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০১৬-১৭) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েব সাইটে আপলোড করা; | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০১৬-১৭) প্রণয়ন, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েব সাইটে আপলোডের বিষয়ে সভায় আলোচনা হয়। | ইতোমধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০১৬-১৭) প্রণয়ন, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে বিধায় কার্যতালিকা থেকে বাদ দেয়া হল। | ইনোভেশন টিম |
| ২। | উদ্ভাবনী কোডে বাজেট বরাদ্দ; | উদ্ভাবনী কাজের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি/টিমকে উৎসাহ প্রদানের নিমিত্ত পদক/প্রণোদনা/সম্মামনা/আর্থিক সহায়তা ইত্যাদি প্রদানের জন্য উদ্ভাবনী কোডে বাজেট বরাদ্দের বিষয়ে সভায় আলোচনা হয়। | উদ্ভাবনী কাজে গতিশীলতা আনয়নের জন্য উদ্ভাবনী কোড-৪৮২৯-এ বাজেট বরাদ্দের জন্য হিসাব ও অর্থ বিভাগকে পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |
| ৩। | মেন্টরদের তালিকা প্রণয়ন ও এটুআই-এ প্রেরণ; | উদ্ভাবনী মানসিকতা সম্পন্ন কর্মঠ, কর্মকর্তাদের মেন্টরিংয়ের কাজে যুক্ত করার জন্য সভায় আলোচনা করা হয়। | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকদের সাথে আলোচন পূর্বক মেন্টর হওয়ার যোগ্য কর্মকর্তাদের নাম সংগ্রহ করতে হবে এবং তালিকা প্রণয়ন করে এটুআই প্রোগ্রাম-এ প্রেরণ করতে হবে। | সিস্টেম এনালিষ্ট |
| ৪। | ২০-২১ নভেম্বর ২০১৬ তারিখে উদ্ভাবনী কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন; | ২০-২১ নভেম্বর ২০১৬ তারিখে প্রশিক্ষণ বিভাগের মাধ্যমে উদ্ভাবনী কর্মশালা/প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি সভায় আলোচনা হয়। মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত ২৪/১০/২০১৬ তারিখের সভা ও ইনোভেশন টিমের সভায় আলোচনা হয়। | ২০-২১ নভেম্বর ২০১৬ তারিখে উদ্ভাবনী কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে প্রশিক্ষণ বিভাগকে পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |
| ৫। | আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ে ফেসবুক পেজ খোলা; | আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ে ফেসবুক পেজ খোলার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৪/১০/২০১৬ তারিখের অনুষ্ঠিত সভায় আলোচনা হয়। আলোচনার প্রেক্ষিতে মাঠ পর্যায়ে এ বিষয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ে ফেসবুক পেজ খোলার অগ্রগতি বিষয়ে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সিস্টেম এনালিষ্ট |
| ৬। | পাবলিক সার্ভিস ইনোভেশন গ্রুপে যোগদান ও নিয়মিত আলোচনায় অংশগ্রহণ; | পাবলিক সার্ভিস ইনোভেশন গ্রুপে যোগদান ও নিয়মিত আলোচনায় অংশগ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | সকল কর্মকর্তা নিজ ফেসবুক পেজ/ ফেসবুকে একাউন্ট খুলবে এবং পাবলিক সার্ভিস ইনোভেশন গ্রুপে যোগদান ও নিয়মিত আলোচনায় অংশগ্রহণ করবেন। | খাদ্য অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা |
| ৭। | ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণার আপলোড করা; | ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণারে খাদ্য অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত বিষয় (যেমন: ইনোভেশন সভার কার্যবিবরণী, কর্মপরিকল্পনা, অগ্রগতি, মাঠ পর্যায়ের ইনোভেশন সংক্রান্ত তথ্য ইত্যাদি) নিয়মিত আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণারে খাদ্য অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত তথ্য নিয়মিত আপলোড করতে হবে। | সিস্টেম এনালিষ্ট |
| ৮। | ইনোভেশন কার্যক্রমের উপর ৫দিন ব্যাপী প্রশিক্ষণ আয়োজন; এবং | এটুআই-এর ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অফিসার জনাব মোঃ মাহবুবুর রহমান এর সাথে আলোচনার প্রেক্ষিতে জানা যায় যে, যেহেতু খাদ্য অধিদপ্তর ২ দিন ব্যাপী কর্মশালার আয়োজন করছে, সেহেতু ইনোভেশন কার্যক্রমের উপর ৫দিন ব্যাপী প্রশিক্ষণ আয়োজন করার প্রয়োজন নেই। | ৫ দিনের পরিবর্তে ২ দিন ব্যাপী কর্মশালার আয়োজন করতে হবে। | প্রশিক্ষণ বিভাগ |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৯। | বিবিধ। | (ক)'জয়িতা'-কার্যক্রম বিষয়ে সববি বিভাগকে পত্র দেয়া হয়েছে। তাদের কাছ থেকে কোন ফিডব্যাক পাওয়া যায় নি। 'জয়িতা'-কার্যক্রম উৎসাহ প্রদানের জন্য মহিলাদের খাদশস্য ডিলার নিয়োগে কোটা বরাদ্দ রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক)'জয়িতা'-কার্যক্রম উৎসাহ প্রদানের জন্য মহিলাদের খাদশস্য ডিলার নিয়োগে কোটা বরাদ্দ রাখার বিষয়ে সববি বিভাগকে পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |
| | | (খ) নতুন ইনোভেশন আইডিয়া হিসেবে বেসরকারী ব্যক্তিদের চাহিদানুযায়ী খাদ্যদ্রব্যে মান পরীক্ষা এবং বেসরকারী/গৃহস্থালী পর্যায়ে খাদ্যশস্য মজুদ করার পরামর্শ প্রদানকে চিহ্নিত করা যেতে পারে। | (খ) পরিচালক, পউকা বিভাগকে বেসরকারী ব্যক্তিদের চাহিদানুযায়ী খাদ্যদ্রব্যের মান পরীক্ষার উপরে একটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য পত্র লেখা হবে। ইনোভেশন টিম হতে বেসরকারী/গৃহস্থালী পর্যায়ে খাদ্যশস্য মজুদ করার পরামর্শ প্রদানের উপর একটি উদ্ভাবন/প্রকল্প গ্রহণ করা হবে। | ইনোভেশন টিম |
| | | (গ) ইনোভেশন কাজের সাথে সম্পৃক্ত মাঠ পর্যায়ের যে সকল কর্মকর্তা ইনোভেশন উদ্যোগ বাস্তবায়ন করেছে তাদেরকে প্রণোদনা দেয়া যায়। | (গ) জনাব মোঃ সালাউদ্দিন আহমেদ, জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়নগঞ্জ, জনাব কাজী সাইফুদ্দিন, জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী, জনাব মোঃ মনিরুল হক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী সদর, পটুয়াখালীকে মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরের প্রশংসাপত্র দিতে হবে। | ইনোভেশন টিম |
| | | (ঘ) ইনোভেশন টিমের সদস্য অতিঃ পরিচালক অভ্যন্তরীণ নিরীক্ষা অডিট কার্যক্রমের নথি আর্কাইভিং এর বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ সকল অডিটের ফাইল শ্রেণিবিন্যাস করে ব্যবস্থা নেয়া যেতে পারে। | (ঘ) অডিট সংক্রান্ত নথি আর্কাইভিং এর ব্যবস্থা নেয়ার জন্য ইনোভেশন টিমের সদস্য অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীন নিরীক্ষাকে অনুরোধ করা হবে। | অভ্যন্তরীণ নিরীক্ষা |
| | | (ঙ) ইনোভেশন টিমের সকল সদস্য একটি করে ইনোভেটিভ আইডিয়া নিয়ে কাজ করার বিষয়ে সভায় আলোচনা হয়। সকল সদস্য এই বিষয়ে সম্মত হন। | (ঙ) ইনোভেশন টিমের সকল সদস্য একটি করে ইনোভেটিভ আইডিয়া উদ্ভাবন করে কার্যক্রম গ্রহণ করবেন। | ইনোভেশন টিমের সদস্য |
| | | (চ) মডার্ণ ফুড ষ্টোরেজ ফ্যাসিলিটিজ প্রজেক্ট প্রকল্পের আওতায় খাদ্য অধিদপ্তরের আইসিটি কার্যক্রম দ্রুত বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। এটি দ্রুত বাস্তবায়িত না হওয়ায় খাদ্য অধিদপ্তরের ইনোভেটিভ ও আইসিটি কার্যক্রম বাস্তবায়ন করা যাচ্ছে না। | (চ) মডার্ণ ফুড ষ্টোরেজ ফ্যাসিলিটিজ প্রজেক্ট প্রকল্পের আওতায় খাদ্য অধিদপ্তরের আইসিটি কার্যক্রম দ্রুত বাস্তবায়নের বিষয়ে প্রকল্প পরিচালককে পত্র দিতে হবে। | ইনোভেশন টিম |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
(চিত্ত রঞ্জন বেপারী)
পরিচালক
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৫০২৭৬
dmss@dgfood.gov.bd

বিতরণঃ সদয় অবগতি ও কার্যার্থে-
১। জনাব চিত্ত রঞ্জন বেপারী, পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ ও ইনোভেশন অফিসার।
২। জনাব মোঃ রায়হানুল কবীর, অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ ও সদস্য।
৩। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট ও সদস্য সচিব।
৪। জনাব মোঃ সেলিমুল আজম, উপ-পরিচালক, বানিজ্যিক হিসাব নিরীক্ষা শাখা।
৫। জনাব মোঃ আমিনুল এহ্সান, উপ-পরিচালক (সংস্থাপন), প্রশাসন বিভাগ ও সদস্য।

স্মারক নং- ১৩.০১.০০০০.১০০.০৬.০১৩.১৬- ১২৬/৫(৬) তারিখঃ০৩/১১/২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-
১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, তেজগাঁও, ঢাকা।
৩। যুগ্ম সচিব (প্রশাসন-১), খাদ্য মন্ত্রণালয় ও প্রধান ইনোভেশন অফিসার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। অফিস কপি।
৬। মাস্টার কপি।

০৩/১১/১৬
সিস্টেম এনালিস্ট
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট